রাজশাহী কলেজ, রাজশাহী
ডকেট নং ১৫৪
তারিখ ২৬/০৩/২৬
স্থাপিত. ১৮৭৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৩.৩৮.০০২.১৫.৬৫৪ তারিখ : ১৫/০৩/২০২৬খ্রি.

বিষয়: ২য় অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা, ডিসেম্বর-২০২৫ এ অংশগ্রহণেচ্ছুক প্রার্থীদের Online-এ দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: বাসককস পত্র নং- ৮০.০০.০০০০.১০৪.৩৯.০০৪.২৫-৯৪, তারিখ: ০৩.০৩.২০২৫

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, তাঁর প্রতিষ্ঠানে কর্মরত বি.সি.এস. (সাধারণ শিক্ষা) ক্যাডার কর্মকর্তাদের মধ্যে যারা, ২য় অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা, ডিসেম্বর-২০২৫-এ অংশগ্রহণ করতে ইচ্ছুক তাঁদের বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয় কর্তৃক জারীকৃত বিজ্ঞপ্তি অনুসরণপূর্বক Online-এ আবেদনপত্র দাখিলের পর দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপিতে আবেদনকারী ও প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর ও সীলসহ অত্র অধিদপ্তরের ১৩০ নম্বর কক্ষে আগামী ০২/০৪/২০২৬ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে জমাদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, অসম্পূর্ণ এবং নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদন বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ে প্রেরণ করা হবে না। এ বিষয়ে সকলকে সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো।

বি.দ্র.-যে সকল কর্মকর্তাকে নন-ক্যাডার থেকে বিসিএস ক্যাডারে অন্তর্ভুক্তি [এন-ক্যাডার] করা হয়েছে তাঁদেরকে অবশ্যই সংশ্লিষ্ট আদেশ/প্রজ্ঞাপনের কপি আবেদনপত্র [হার্ডকপি] এর সাথে সংযুক্ত করতে হবে। অন্যথায় আবেদনপত্র বাতিল হিসেবে গণ্য হবে।

১৫/০৩/২০২৬
ফজলুল হক মনি
সহকারী পরিচালক (কলেজ-২)
ফোন: ০২-৪১০৫০২৮৪

প্রাপক:

অধ্যক্ষ/চেয়ারম্যান/পরিচালক/প্রকল্প পরিচালক/প্রতিষ্ঠান প্রধান
(বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডার কর্মকর্তাগণ কর্মরত আছেন এমন প্রতিষ্ঠান প্রধান।)

অনুলিপি:

০১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
02। সংরক্ষণ নথি।